

# ধর্ষকরা হলো পশুর মত, বরং আরও অধিক বিভ্রান্ত।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।

বিসমিল্লাহির রহমানির রহিম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে “জাহান্নামীরা হলো পশুর মত, বরং তারা আরও অধিক বিভ্রান্ত।”।

ধর্ষকরা জাহান্নামী, (যদি আল্লাহ ক্ষমা না করেন এবং তারা যদি তওবা করে ফিরে না আসে), তাই বলা যায় এরা পশুর মত, বরং পশুর চেয়েও আরো অধিক বিভ্রান্ত। ধর্ষকদের দুনিয়ায় বিচার করতে হবে, আখেরাত আল্লাহর উপর।

পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

وَلَقَدْ ذَرَأْنَا لِجَهَنَّمَ كَثِيرًا مِّنَ الْجِنِّ وَالإِنسِ لَهُمْ قُلُوبٌ لَّا يَفْقَهُونَ بِهَا وَلَهُمْ أَعْيُنٌ لَّا يُبْصِرُونَ بِهَا وَلَهُمْ آذَانٌ لَّا يَسْمَعُونَ بِهَا أُولَئِكَ كَالْأَنْعَامِ بَلْ هُمْ أَضَلُّ أُولَئِكَ هُمُ الْغَافِلُونَ ﴿١٧٩﴾

আমি বহু জিন ও মানুষকে জাহান্নামের জন্য সৃষ্টি করেছি। তাদের হৃদয় রয়েছে, কিন্তু তারা তদ্বারা উপলব্ধি করেনা; তাদের চক্ষু রয়েছে, কিন্তু তারা তদ্বারা দেখেনা। তাদের কণ্ঠ রয়েছে, কিন্তু তদ্বারা তারা শোনেনা। তারাই হল পশুর ন্যায়, বরং তা অপেক্ষাও অধিক বিভ্রান্ত। তারাই হল গাফিল বা উদাসীনা। সূরা আল আ'রাফ আয়াত ৭: ১৭৯

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা! আসুন, আমরা পবিত্র কুরআন ও সহিহ হাদীসের নির্দেশ মোতাবেক দুনিয়ায় জীবন যাপন করি। পুরুষরা তাদের দৃষ্টি খারাপ কাজ থেকে ফিরিয়ে নেয়, মহিলারা শালিন পোশাক পরিধান করে। ইসলামের অনুশাসন মেনে চলি। আশা করা যায়, আমাদের সমাজ এই সমস্ত অন্যায়ে থেকে মুক্ত হবে, আল্লাহ আমাদের দুনিয়া ও আখেরাতে কল্যাণ দান করবেন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।